সংবাদ

তারিখ ... 07 FEB 2016 ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৬ ...

# মাদ্রাসা অধ্যক্ষের বিরুদ্ধে চেক প্রতারণা মামলা

**জেলা বার্তা পরিবেশক, বরিশাল**

বরিশাল নগরীর মুসলিম গোরস্তান রোডস্থ সৈয়দ আব্দুল মান্নান ডিডিএফ মাদ্রাসার অধ্যক্ষ নজরুল ইসলামের বিরুদ্ধে চেক প্রতারণা মামলা দায়ের করা হয়েছে। আল-আরাফাহ ইসলামী ব্যাংকের বরিশাল শাখার কর্মকর্তা এসএম ফেরদৌস বাদী হয়ে বৃহস্পতিবার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলাটি দায়ের করেন। ম্যাজিস্ট্রেট মো. রফিকুল ইসলাম অধ্যক্ষ নজরুল ইসলামকে আদালতে হাজির হওয়ার জন্য সমন দিয়েছেন। ব্যাংক সূত্রে জানা গেছে, অধ্যক্ষ নজরুল ইসলাম তার ব্যক্তিগত ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ৩১ লাখ ৯১ হাজার ৮৭৭ টাকা ঋণ গ্রহণ করেন। ঋণ পরিশোধের জন্য গত ২৫ নভেম্বর উল্লেখিত টাকার চেক প্রদান করেন। কিন্তু সংশ্লিষ্ট হিসাবে টাকা না থাকায় ওই চেক প্রত্যাখাত হয়। পরে তাকে আইনি নোটিশ দেয়া হলেও টাকা প্রদান না করায় তার বিরুদ্ধে চেক প্রতারণা মামলা দায়ের করা হয়।